অধ্যায় ০২
গুণগত রসায়ন

➢ ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষার জন্য এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ টাইপসমূহ:

গুরুত্ব	টাইপ	ভর্তি পরীক্ষায় যে বছর প্রশ্ন এসেছে	
		MCQ	Written
✪✪	Q. Type-01	BUET'12-13, 11-12; CUET'13-14, 10-11; BUTEX' 11-12	-
✪✪✪	Q. Type-02	CKRUET' 21-22; CUET'14-15, 13-14, 11-12; IUT' 17-18, 14-15	RUET'05-06, 08-09
✪✪✪	Q. Type-03	BUET' 12-13, 10-11; CKRUET' 21-22, KUET'16-77, 14-15, 11-12; BUTEX'16-17, 15-16, 14-15;	BUET'16-17, 14-15, 06-07, 02-03; BUTEX'09-10, 03-04
✪✪✪	Q. Type-04	KUET'18-19, 17-18; RUET' 13-14, 11-12, 10-11; CUET' 15-16, 13-14, 11-12, 10-11; BUTEX'16-17, 14-15	BUET'05-06, 04-05, 02-03, 01-02; RUET'15-16, 10-11, 08-09, 07-08, 06-07, 05-06, 04-05, 03-04
✪✪	Q. Type-05	-	BUET' 02-03; RUET'17-18, 06-07; CUET' 13-14
✪✪	Q. Type-06	KUET'16-17; RUET' 13-14; IUT' 19-20	BUET' 06-07; KUET' 05-06; RUET' 07-08
✪✪✪	Q. Type-07	BUET, 11-12; KUET' 10-11; RUET' 11-12; CUET' 15-16; IUT' 16-17, 21-22	BUET' 20-21, 19-20, 18-19, 14-15, 06-07; RUET' 17-18; BUTEX' 06-07
✪✪	Q. Type-08	KUET' 17-18	KUET' 19-20, RUET' 17-18
✪✪✪	Q. Type-09	CKRUET' 21-22; KUET' 18-19, 15-16; BUTEX' 15-16; IUT' 21-22, 16-17, 14-15	BUET' 18-19, 16-17, 09-10, 00-01; BUTEX' 19-20, 18-19, 03-04
✪✪✪	Q. Type-10	BUET' 13-14; KUET' 14-15; RUET' 13-14; IUT' 21-22, 18-19	BUET' 19-20, 03-04, 00-01; RUET' 10-11, 07-08; CUET' 05-06; BUTEX' 21-22, 19-20, 10-11, 03-04

Question Type-01: পরমাণু ও তার মূল কণিকাসমূহ

➲ **Concept:**



◆ স্থায়ী মূল কণিকা সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য:

কণা	প্রতীক	ভর (g)	চার্জ (Coulomb)	আপেক্ষিক চার্জ	অবস্থান
(i) ইলেকট্রন	e	9.1×10^{-28}	-1.6×10^{-19}	-1	কক্ষপথে (নিউক্লিয়াসের বাইরে)
(ii) প্রোটন	p	1.673×10^{-24}	$+1.6 \times 10^{-19}$	$+1$	নিউক্লিয়াসে
(iii) নিউট্রন	n	1.675×10^{-24}	0	0	নিউক্লিয়াসে

MCQ

01. প্রোটন পরমাণুর কোথায় অবস্থান করে? **[CUET'13-14]**

(a) In the orbit (b) In the nucleus (c) In the orbital (d) Outside of the nucleus

সমাধান: (b); নিউক্লিয়াসে প্রোটন ও নিউট্রন থাকে এবং চারপাশে বিভিন্ন শক্তিস্তরে e^- ঘূর্ণনরত অবস্থায় থাকে।

02. একটি মৌলের সকল নিরপেক্ষ পরমাণুর জন্য নিচের কোন উক্তিটি সঠিক? **[Ans: c][BUET'12-13]**

(a) তাদের সমান সংখ্যক প্রোটন, নিউট্রন ও ইলেকট্রন রয়েছে (b) তাদের সমান সংখ্যক নিউট্রন ও প্রোটন রয়েছে

(c) তাদের সমান সংখ্যক ইলেকট্রন ও প্রোটন রয়েছে (d) তাদের সমান সংখ্যক ইলেকট্রন ও নিউট্রন রয়েছে

03. নিচের কোনটি মিথ্যা? **[Ans: c][BUET'11-12]**

(a) Ca ও Ca^{2+} এর প্রোটন সংখ্যা সমান

(b) O_2 অণুতে দুটি সমযোজী বন্ধন আছে

(c) Fe^{2+} ও Fe^{3+} আয়নে সমান সংখ্যক ইলেকট্রন আছে

(d) হাইড্রোজেনের পজিটিভ ও নেগেটিভ উভয় প্রকার যোজ্যতা হতে পারে

04. নিচের কোনটি কম্পোজিট কণিকা? **[Ans: b][BUTEX'11-12]**

(a) ইলেকট্রন প্রোটন ও নিউট্রন (b) আলফা কণা ও ডিউটেরন

(c) পজিট্রন ও মেসন (d) ফোটন

05. P মৌলের পারমাণবিক ভর 31 এবং পারমাণবিক সংখ্যা 15 হলে মৌলটির নিউক্লিয়াসের মধ্যে কয়টি নিউট্রন আছে? **[CUET'10-11]**

(a) 15 (b) 16 (c) 31 (d) None of these

সমাধান: (b); নিউট্রন সংখ্যা = ভরসংখ্যা−পারমাণবিক সংখ্যা = 31 − 15 = 16

Question Type-02: আইসোটোপ, আইসোটোন, আইসোবার ও আইসোইলেকট্রনিক

➲ **Concept:**

রাশি	প্রোটন সংখ্যা	নিউট্রন সংখ্যা	ভর সংখ্যা	পর্যায় সারণিতে অবস্থান	মৌলের পরমাণু	ভৌত ও রাসায়নিক ধর্ম	উদাহরণ
আইসোটোপ	সমান	ভিন্ন	ভিন্ন	একই	একই	ভৌত ধর্ম ভিন্ন রাসায়নিক ধর্ম অভিন্ন	প্রোটিয়াম, ডিউটেরিয়াম, ট্রিটিয়াম
আইসোবার	ভিন্ন	ভিন্ন	সমান	ভিন্ন	ভিন্ন	ভিন্ন	$^{64}_{29}Cu$, $^{64}_{30}Zn$
আইসোটোন	ভিন্ন	সমান	ভিন্ন	ভিন্ন	ভিন্ন	ভিন্ন	$^{30}_{14}Si$, $^{31}_{15}P$

আইসোইলেকট্রনিকঃ যে সকল পরমাণুর বা আয়নের বা অণুর বা মূলক (radical) এর ইলেকট্রনের সংখ্যা সমান তাদের আইসোইলেকট্রনিক বলা হয়। যেমন: Mg^{2+}, Al^{3+}, N^{3-}, O^{2-} সবগুলো পরস্পরের আইসোইলেকট্রনিক

♦ স্পেশাল টিপসঃ
- ➢ আইসোটোপ → প্রোটন সমান (প তে প্রোটন)
- ➢ আইসোবার → ভর সমান (বার তে ভর)
- ➢ আইসোটোন → নিউট্রন সমান (ন তে নিউট্রন)

MCQ

01. $_aX^a$ এবং $_bY^c$ মৌল দুইটির মধ্যে $b - a = 5$ হলে, Y মৌলটির শ্রেণি নিণয় কর। **[CKRUET'21-22]**
(a) 2 (b) 18 (c) 14 (d) 16 (e) 10
সমাধান: (c); $_aX^a = {}_1H^1 \therefore a = 1;\ b = a + 5 = 1 + 5 = 6;\ {}_bY^c = {}_6C = 1s^2 2s^2 2p^2 \therefore$ গ্রুপ $= 4 + 10 = 14$

02. Which is an example of Isoelectron? **[IUT'17-18]**
(a) $^{27}_{13}Al^{3+}$, $^{16}_{8}O^{2-}$ (b) $^{14}_{7}N$, $^{15}_{8}O^{2-}$ (c) $^{32}_{15}P$, $^{32}_{16}S$ (d) $^{131}_{54}Xe$, $^{59}_{27}Co$
সমাধান: (a); কারণ, Al^{3+}এর $e^- = 10$; O^{2-}এর $e^- = 10$

03. নিচের নিউক্লিয়াসত্রয় এর মধ্যে কোনগুলি আইসোটনিক? **[CUET'14-15]**
(a) $^{1}_{1}H$, $^{2}_{1}H$, $^{3}_{1}H$ (b) $^{235}_{92}U$, $^{237}_{92}U$, $^{238}_{92}U$ (c) $^{40}_{18}Ar$, $^{40}_{19}K$, $^{40}_{20}Ca$ (d) $^{14}_{6}C$, $^{15}_{7}N$, $^{16}_{8}O$
সমাধান: (d); নিউট্রন সংখ্যা সমান।

04. কোন দুটি পরমাণু পরস্পরের আইসোবার? **[CUET'14-15]**
(a) $^{64}_{29}Cu$, $^{64}_{30}Zn$ (b) $^{35}_{17}Cl$, $^{34}_{16}S$ (c) $^{30}_{14}Si$, $^{31}_{15}P$ (d) $^{1}_{1}H$, $^{2}_{1}H$
সমাধান: (a); ভর সংখ্যা সমান

05. Of the elements listed below, which set has the unpaired electrons in their electronic configurations? **[Ans: b][IUT'14-15]**
(a) Ca, Sr, Ba (b) Na, Si, S (c) Ca, P, Xe (d) Zn, Mg, N

06. নিচের কোনটি $^{14}_{8}O$ আইসোটোপকে $^{14}_{7}N$ আইসোটোপে রূপান্তর করে? **[CUET'13-14]**
(a) β – ray (b) Electron (c) Positron (d) None of these
সমাধান: (c); $^{14}_{8}O + {}^{0}_{-1}e \rightarrow {}^{14}_{7}N$

07. কোন মৌলসমূহ পরস্পরের আইসোটোন? **[Ans: b][CUET'11-12]**
(a) $^{1}_{1}H$, $^{2}_{1}H$, $^{3}_{1}H$ (b) $^{30}_{14}Si$, $^{31}_{15}P$, $^{32}_{16}S$ (c) $^{64}_{29}Cu$, $^{64}_{30}Zn$ (d) None of these

Written

08. নিচের মৌলগুলি হতে আইসোটোপ ও আইসোবার আলাদা কর। **[RUET'08-09, 05-06]**
(i) $^{204}_{80}Hg$ (ii) $^{12}_{6}C$ (iii) $^{40}_{18}Ar$ (iv) $^{40}_{20}Ca$ (v) $^{40}_{19}K$ (vi) $^{14}_{6}C$
সমাধান: আইসোটোপ (প্রোটন সংখ্যা এক) $^{12}_{6}C$, $^{14}_{6}C$ আইসোবার (ভর সংখ্যা এক) $^{40}_{18}Ar$, $^{40}_{20}Ca$, $^{40}_{19}K$

Question Type-03: কোয়ান্টাম সংখ্যা, ইলেকট্রন ধারণ ক্ষমতা ও অরবিটালের আকার-আকৃতি

➲ Concept:

কোয়ান্টাম সংখ্যা	আবিষ্কারক	মান	তাৎপর্য
বোর	প্রধান কোয়ান্টাম সংখ্যা (n)	$n = 1, 2 \ldots\ldots\ldots\ldots$ ইত্যাদি	প্রধান কোয়ান্টাম সংখ্যার সাহায্যে প্রধান শক্তিস্তরের আকার সম্পর্কে অবগত হওয়া যায়।
সমারফিল্ড	সহকারী কোয়ান্টাম সংখ্যা (l)	n এর যে কোনো মানের জন্য l এর মান 0 থেকে $(n-1)$ পর্যন্ত হতে পারে।	ইলেকট্রন যে উপকক্ষে ঘুরছে তার আকৃতি সহকারী কোয়ান্টাম সংখ্যার (l) সাহায্যে জানা যায়।
জিম্যান	চৌম্বকীয় কোয়ান্টাম সংখ্যা (m)	l এর যে কোনো মানের জন্য m এর মান 0 সহ $+l$ থেকে $-l$ পর্যন্ত হয়।	এই কোয়ান্টাম সংখ্যার সাহায্যে ইলেকট্রনটি যে উপকক্ষে রয়েছে সে উপকক্ষটি ত্রিমাত্রিকভাবে কীরূপে বিন্যস্ত রয়েছে তা জানা সম্ভব।
উলেন বেক ও গুল্ড স্মিথ	ঘূর্ণন কোয়ান্টাম সংখ্যা (s)	m এর প্রতিটি মানের জন্য s-এর মান $+\frac{1}{2}$ ও $-\frac{1}{2}$ হয়।	ইলেকট্রনের ঘূর্ণনের প্রকৃতি ও দিক এ কোয়ান্টাম সংখ্যার সাহায্যে জানা যায়।

- যেকোনো প্রধান শক্তিস্তরের (n) সর্বোচ্চ e^- ধারণক্ষমতা $2n^2$ এবং সর্বমোট অরবিটাল সংখ্যা = n^2।
- যে কোনো উপশক্তিস্তরের সর্বোচ্চ ইলেকট্রন ধারণক্ষমতা = $2(2l+1)$, এখানে $l = 0, 1, 2, 3$ ইত্যাদি এবং সর্বমোট অরবিটাল সংখ্যা = $(2l+1)$।

◆ **কোয়ান্টাম সংখ্যার গ্রহণযোগ্য তার সেট:**

- $n > l$; n সর্বদা l এর চেয়ে বড়
- m এর মান $-l$ থেকে $+l$ সীমার মধ্যে থাকবে
- s এর মান $+\frac{1}{2}$ বা $-\frac{1}{2}$

প্রধান কোয়ান্টাম সংখ্যা	প্রধান শক্তিস্তর (n)	সহকারী কোয়ান্টাম সংখ্যা $l = 0$ থেকে $(n-1)$ পর্যন্ত	উপস্তর	উপস্তরের সংখ্যা	চৌম্বক কোয়ান্টাম সংখ্যা (m)	অরবিটাল সংখ্যা	উপস্তরে ইলেকট্রনের সংখ্যা $= 2(2l+1)$	মোট ইলেকট্রনের সংখ্যা
K	$n = 1$	$l = 0$	1s	1	0	1	$2(2\times0+1)2$	2
L	$n = 2$	$l = 0$ 1	2s 2p	2	0 $-1, 0, +1$	1 3	$2(2\times0+1) = 2$ $2(2\times1+1) = 6$	8
M	$n = 3$	$l = 0$ 1 2	3s 3p 3d	3	0 $-1, 0, +1$ $-2, -1, 0, +1, +2$	1 3 5	$2(2\times0+1) = 2$ $2(2\times1+1) = 6$ $2(2\times2+1) = 10$	18
N	$n = 4$	$l = 0$ 1 2 3	4s 4p 4d 4f	4	0 $-1, 0, +1$ $-2, -1, 0, +1, +2$ $-3, -2, -1, 0, +1, +2, +3$	1 3 5 7	$2(2\times0+1) = 2$ $2(2\times1+1) = 6$ $2(2\times2+1) = 10$ $2(2\times3+1) = 14$	32

➢ s অরবিটালের আকৃতি বর্তুলাকার বা গোলাকার।



$l = 0, \quad m = 0$

➢ p অরবিটালের আকৃতি ডাম্বেলের মতো। p অরবিটাল তিনটি, এদের আকার ও আকৃতি অভিন্ন এবং সমশক্তিসম্পন্ন। এদের দিক বিভিন্ন।



$l = 1, m = 0$

p_x অরবিটাল



$l = 1, m = +1$

p_y অরবিটাল



$l = 1, m = -1$

p_z অরবিটাল

➢ d অরবিটালের। d-অরবিটাল এর সংখ্যা 5 টি এবং এরা যথাক্রমে $d_{xy}, d_{yz}, d_{zx}, d_{x^2-y^2}$ এবং d_{z^2} এরা প্রত্যেকেই সমশক্তিসম্পন্ন আকৃতি চার লোব বিশিষ্ট ডাবল ডাম্বেলের মতো কিন্তু প্রত্যেকের আকৃতি ভিন্ন রকম।



$d_{xy}(l = 2, m = -2)$



$d_{yz}(l = 2, m = -1)$



$d_{zx}(l = 2, m = +1)$



$d_{x^2-y^2}(l = 2, m = +2)$



$d_{z^2}(l = 2, m = 0)$

➢ f অরবিটালের জ্যামিতিক আকৃতি আরও জটিল।

MCQ

01. কোয়ান্টাম সংখ্যার নিম্নোক্ত কোন সেটটি সঠিক নয়? **[CKRUET'21-22]**

(a) $n = 1, l = 0, m = 0, s = -\frac{1}{2}$
(b) $n = 2, l = 1, m = 1, s = +\frac{1}{2}$
(c) $n = 3, l = 2, m = -2, s = -\frac{1}{2}$
(d) $n = 3, l = 0, m = 1, s = +\frac{1}{2}$
(e) $n = 4, l = 2, m = -1, s = +\frac{1}{2}$

সমাধান: (d); $n = 3, l = 0, m = 1, s = +\frac{1}{2}$

$l = 0$ হলে $m = 1$ হতে পারে না।

02. নিচের কোন সেটের কোয়ান্টাম নাম্বারের মানসমূহ সঠিক নয়? **[KUET'16-17]**

(a) $n = 1,\ l = 0,\ m_l = 0,\ m_s = +\frac{1}{2}$
(b) $n = 1,\ l = 1,\ m_l = 0,\ m_s = +\frac{1}{2}$
(c) $n = 2,\ l = 1,\ m_l = 0,\ m_s = +\frac{1}{2}$
(d) $n = 3,\ l = 1,\ m_l = 0,\ m_s = +\frac{1}{2}$
(e) $n = 7,\ l = 1,\ m_l = 0,\ m_s = +\frac{1}{2}$

সমাধান: (b); l এর মান সর্বদা 0 থেকে $(n - 1)$ পর্যন্ত হয়।

03. ক্লোরিন এর 14^{th} electron টির ক্ষেত্রে চারটি কোয়ান্টাম সংখ্যার সঠিক সেট কোনটি? **[BUTEX'16-17]**

(a) n l m s $3\ 2\ +1\ +\frac{1}{2}$ (b) n l m s $3\ 1\ -1\ -\frac{1}{2}$ (c) n l m s $3\ 0\ 0\ +\frac{1}{2}$ (d) n l m s $3\ 1\ 0\ +\frac{1}{2}$

সমাধান: (d); $Cl(17) \rightarrow 1s^2 2s^2 2p^6 3s^2 3p^5$

$n = 3, l = 1, m = 0, s = +\frac{1}{2}$ ↿⇂ ↿⇂ ↿⇂ (14th electron)

04. সহকারী কোয়ান্টাম সংখ্যার কোন মানের জন্য চৌম্বক কোয়ান্টাম সংখ্যার মোট মান নির্ভর করে? **[Ans: b][BUTEX'15-16]**

(a) $2l$ (b) $2l + 1$ (c) $2l - 1$ (d) $2l - 2$

05. অক্সিজেনের ৪টি ইলেকট্রন আছে। নিচের কোন তথ্য/তথ্যসমূহ অক্সিজেনের ইলেকট্রন শক্তি স্তরের জন্য সত্য? **[KUET'14-15]**

(i) $1s^2$ শক্তি স্তরে প্রথম ইলেকট্রনের জন্য চারটি কোয়ান্টাম সংখ্যার মানগুলো $\left(1,0,0,+\frac{1}{2}\right)$ অথবা $\left(1,0,0,-\frac{1}{2}\right)$

(ii) অক্সিজেনের প্রোটন সংখ্যা 8 নির্দিষ্ট হলেও নিউট্রনের সংখ্যা 8 নির্দিষ্ট নয়।

(iii) চতুর্থ কোয়ান্টাম সংখ্যা s চৌম্বক ক্ষেত্রে ইলেকট্রনের চৌম্বক ভ্রামক নির্দেশ করে।

(a) i (b) i, ii (c) i, iii (d) ii, iii (e) i, ii, iii

সমাধান: **(b);** (i) সত্য, (ii) সত্য, কারণ O এর isotope বিদ্যমান; (iii) সত্য নয়, কারণ s ঘুর্ণনের দিক নির্দেশ করে।

06. সহকারী কোয়ান্টাম সংখ্যার কোন মানের জন্য চৌম্বক কোয়ান্টাম সংখ্যার মোট মানের সম্পর্কটি হইল- **[BUTEX'14-15]**

(a) $2l$ (b) $2l + 1$ (c) $2l - 1$ (d) $2l - 2$

সমাধান: **(b);** যেকোনো l এর জন্য $(2l + 1)$ সংখ্যক m এর মান থাকে।

07. সর্বমোট কয়টি ইলেকট্রন f- অরবিটাল ধারণ করতে পারে? **[BUET'12-13]**

(a) 10 (b) 6 (c) 14 (d) 2 (e) None

সমাধান: **(c);** $f = 3 \therefore m = -3, -2, -1, 0, 1, 2, 3 \therefore$ মোট অরবিটাল $= 7$; মোট ইলেকট্রন $7 \times 2 = 14$

08. সহকারী কোয়ান্টাম সংখ্যা কী প্রকাশ করে? **[Ans: b] [BUET'11-12]**

(a) দিক (b) আকৃতি (c) আকার (d) কোনটিই নয়

09. যখন প্রধান কোয়ান্টাম সংখ্যা n এর মান 3 হয় তখন সহকারী কোয়ান্টামহ সংখ্যা, l এর মান কত হবে? **[Ans: e] [KUET'11-12]**

(a) 3 (b) 3s, 3p, 3d (c) 0, 1 (d) 0, 1, 2, 3 (e) 0, 1, 2

10. একটি পরমাণুর ৫ম শক্তি স্তরে সর্বোচ্চ ইলেকট্রন ধারণ ক্ষমতা হল- **[BUET'10-11]**

(a) 32 (b) 50 (c) 18 (d) 82

সমাধান: **(b);** $2n^2 = 2 \times 5^2 = 50$

Written

11. (a) 4d উপশক্তিস্তরের অরবিটালগুলোর জন্য n, l ও m এর মানের তালিকা লিখ। **[BUET'16-17]**

(b) প্রধান কোয়ান্টাম সংখ্যা $n = 3$ হলে ঐ শক্তিস্তরে সর্বাধিক কয়টি ইলেকট্রন থাকতে পারে?

সমাধান: (a) $n = 4,\ l = 2,\ m = -2, -1, 0, +1, +2$ (b) $2n^2 = 2.3^2 = 18$ টি

12. প্রধান কোয়ান্টাম সংখ্যা $n = 3$ হলে অন্যান্য কোয়ান্টাম সংখ্যাগুলো কী কী? **[BUET'14-15]**

সমাধান:

$n = 3$	$l = 0$	$m = 0$	$S = \pm\frac{1}{2}$
	$l = 1$	$m = 0,1,-1$	
	$l = 2$	$m = 0, 1, -1, 2, -2$	

13. কোন কোয়ান্টাম সংখ্যা দ্বারা ইলেকট্রন এর শক্তিস্তরের আকৃতি বোঝা যায়? **[BUTEX'09-10]**

সমাধান: সহকারী অ্যাজিমুথাল কোয়ান্টাম সংখ্যা (l) দ্বারা।

14. পরমাণুর চতুর্থ শক্তিস্তরে সর্বাধিক ইলেকট্রন ধারণ ক্ষমতা কত? **[BUTEX'09-10]**

সমাধান: e^- সংখ্যা $= 2n^2 = 2 \times 4^2 = 32$ টি

15. যখন সহকারী কোয়ান্টাম সংখ্যা, $l = 3$, তখন অন্যান্য কোয়ান্টাম সংখ্যাগুলি কী কী? **[BUET'06-07]**

সমাধান: সহকারী কোয়ান্টাম সংখ্যা $l = 3$ হলে প্রধান কোয়ান্টাম সংখ্যা $n = 4,5,6 \ldots\ldots\ldots$

ম্যাগনেটিক কোয়ান্টাম সংখ্যা, $m = 0, \pm1, \pm2, \pm3$; স্পিন কোয়ান্টাম সংখ্যা, $s = \pm\frac{1}{2}$

Note: $n > l$; n সর্বদা l এর চেয়ে বড়

16. d- অরবিটালের সর্বোচ্চ ইলেকট্রন ধারণ ক্ষমতা --------- টি। **[BUTEX'03-04]**

সমাধান: d অরবিটালে $l = 2, m = -2, -1, 0, 1, 2$; মোট অরবিটাল $= 5$; মোট $e^- = 5 \times 2 = 10$ টি

17. (b) নিচের কোনটি p - অরবিটালের আকৃতি? **[Ans: i][BUET'02-03]**

(i) (ii) (iii) (iv)

Question Type-04: ইলেকট্রন বিন্যাসের নিয়ম নীতি

➲ **Concept:**

♦ আউফবাউ নীতি:

বিবৃতিঃ পরমাণুতে বিদ্যমান ইলেকট্রনগুলো প্রথমে সর্বনিম্ন শক্তিসম্পন্ন অরবিটাল পূর্ণ করবে এবং পরে ক্রমান্বয়ে উচ্চতর শক্তিসম্পন্ন অরবিটাল পূর্ণ করতে থাকবে।

যে অরবিটালের জন্য $(n + l)$ এর মান কম সেটিই নিম্নশক্তির অরবিটাল এবং ইলেকট্রন তাতেই প্রথম প্রবেশ করে।

♦ ম্যাডিল্যাঙ্গের নীতিঃ $(n + l)$ এর মান সমান হলে যেই অরবিটালের n এর মান কম e^- সেই অরবিটালে আগে প্রবেশ করে।

আউফবাউ নীতি অনুসারে ক্রমবর্ধমান শক্তির ক্রমানুসারে উপকক্ষগুলোকে সাজালে নিম্নরূপ হয়:

$1s < 2s < 2p < 3s < 3p < 4s < 3d < 4p < 5s < 4d < 5p < 6s < 4f < 5d < 6p < 7s < 5f < 6d < 7p < 8s < 6f$

♦ হুন্ডের নীতি:

বিবৃতিঃ সমশক্তিসম্পন্ন অরবিটালগুলোতে ইলেকট্রনের প্রবেশের সময় যতক্ষণ পর্যন্ত অরবিটাল খালি থাকবে ততক্ষণ পর্যন্ত ইলেকট্রনগুলো অযুগ্মভাবে অরবিটালে প্রবেশ করবে এবং এ অযুগ্ম ইলেকট্রনগুলোর স্পিন একমুখী হবে।

 ভুল

 সঠিক

♦ পলির বর্জন নীতি:

একই পরমাণুতে যে কোনো দুটি ইলেকট্রনের চারটি কোয়ান্টাম সংখ্যার মান কখনও একই হতে পারে না।

পলির বর্জন নীতি প্রয়োগ করে বিভিন্ন উপস্তরে সর্বোচ্চ ইলেকট্রনের সংখ্যা নির্ণয়

উপশক্তিস্তর	n	l	m	s	সর্বোচ্চ e সংখ্যা
1s	1	0	0	$\pm\frac{1}{2}$	2 টি
2p	2	1	$-1,0,+1$	$\pm\frac{1}{2}, \pm\frac{1}{2}, \pm\frac{1}{2}$	6 টি
3d	3	2	$-2,-1,0,+1,+2$	$\pm\frac{1}{2}, \pm\frac{1}{2}, \pm\frac{1}{2}, \pm\frac{1}{2}, \pm\frac{1}{2}$	10 টি

MCQ

01. একটি মৌলের ইলেকট্রন বিন্যাস হলো $1s^2 2s^2 2p^6 3s^2 3p^5$। মৌলটির 6.24078×10^{-23} g এ কতটি ইলেকট্রন আছে? **[KUET'18-19]**

(a) 1 (b) 1.02391×10^{23} (c) 1.64067×10^{47} (d) 18 (e) 639

সমাধান: (d); 1 mol Cl পরমাণুতে $e^- = 17 \times 6.023 \times 10^{23}$ টি e^-

35.5g Cl পরমাণুতে $e^- = 17 \times 6.023 \times 10^{23}$

$\therefore 6.24078 \times 10^{-23}$g এ $e^- = \frac{17 \times 6.023 \times 10^{23} \times 6.24078 \times 10^{-23}}{35.5} = 18$ টি e^-

02. নিচের কোন কোয়ান্টাম সংখ্যার সেটের সবচেয়ে বেশি শক্তি রয়েছে? **[KUET'17-18]**

(a) $n = 4, l = 0, m = 0$ and $s = +\frac{1}{2}$ (b) $n = 4, l = 0, m = 0$ and $s = -\frac{1}{2}$

(c) $n = 3, l = 0, m = 0$ and $s = +\frac{1}{2}$ (d) $n = 3, l = 1, m = 0$ and $s = +\frac{1}{2}$

(e) $n = 3, l = 2, m = 0$ and $s = +\frac{1}{2}$

সমাধান: (e); $(n + l)$ যার বেশি তার শক্তি বেশি।

03. কোন ধাতুতে 4f অথবা 5f আংশিকভাবে পূর্ণ নয়? **[Ans: b] [BUTEX'16-17]**

(a) Cm (b) Cu (c) Am (d) Gd

04. সবচেয়ে ভারী ধাতুটির পরমাণুর বহিঃস্তরের ইলেকট্রন কাঠামো কোনটি? **[CUET'15-16]**

(a) $(n-1)d^7ns^2$ (b) $(n-1)d^5ns^2$ (c) $(n-1)d^{10}ns^2$ (d) $(n-1)d^{10}ns^1$

সমাধান: (a); ভরের দিক থেকে ভারী ধাতুটি প্লুটোনিয়াম (Pu)। কিন্তু এটি option এ নেই। তবে ঘনত্বের দিক থেকে প্রথম অসমিয়াম (76); সেটিও option এ নেই। তবে দ্বিতীয় মৌলটি হচ্ছে Iridium (Ir) যার পারমাণবিক সংখ্যা 77 ও বহিঃস্তরের ইলেকট্রন কাঠামো $(n-1)d^7ns^2$।

05. মৌলসমূহের মধ্যে কোনটির বহিঃস্থ স্তরে ইলেকট্রনিক গঠন s^2p^6? **[BUTEX'14-15]**

(a) Flutorine (b) Sulphur (c) Oxygen (d) Neon

সমাধান: (d); $Ne(10) = 1s^2\ 2s^2 2p^6$

06. নিচে দেওয়া কোন ইলেকট্রন বিন্যাসটি সঠিক নয়? **[CUET'13-14]**

(a) $Ar(18) - 1s^2 2s^2 2p^6 3s^2 3p^6$ (b) $K(19) - [Ar]4s^1$

(c) $Fe(26) - [Ar]4p^6$ (d) $Cu(29) - [Ar]3d^{10}4s^2$

সমাধান: (c, d); সঠিক ইলেকট্রন বিন্যাস: $Fe(26) = [Ar]3d^6 4s^2$; $Cu(29) - [Ar]3d^{10}4s^1$

07. নিম্নে মৌলগুলির পরমাণুর ইলেকট্রন বিন্যাস থেকে Sn(50) কে সনাক্ত কর। **[Ans: b][RUET'13-14]**

(a) $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^6 4d^{10} 5s^2 5p^6 6s^1$

(b) $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^6 4d^{10} 5s^2 5p^2$

(c) $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^6 4d^{10} 5s^2 5p^1$

(d) $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^6 4d^{10} 5s^2 5p^6$

(e) None

08. সিলিকন (Si) এর ইলেকট্রনিক বিন্যাস কোনটি? **[CUET'11-12]**

(a) $1s^2 2s^2 2p^5 3s^2 3p^3$ (b) $1s^2 2s^2 2p^5 3s^1 3p^4$

(c) $1s^2 2s^2 2p^6 3s^2 3p^5$ (d) None of these

সমাধান: (d); সঠিক উত্তরঃ $Si(14) = 1s^2 2s^2 2p^6 3s^2 3p^2$

09. Ne এর ইলেকট্রন বিন্যাস কোনটি? **[Ans: b][RUET'11-12]**

(a) $1s^2$ (b) $1s^2 2s^2 2p^6$ (c) $1s^2 2s^2 2p^6 3s^2$ (d) $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6$ (e)None

10. কোনটি Kr এর ইলেকট্রন বিন্যাস?
(a) $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6$
(b) $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^6$
(c) $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^6 4d^{10} 5s^2 5p^6$
(d) None of these
[Ans: b] [CUET'10-11]

11. ব্রোমিন এর ইলেকট্রনিক গঠন-
(a) $2s^2 2p^3$ (b) $3s^2 3p^5$ (c) $3d^2 4s^2$ (d) $3d^{10} 4s^2 4p^5$ (e) $4d^{10} 5s^1$
[Ans: d][RUET'10-11]

Written

12. নিম্নলিখিত মৌলগুলির ইলেকট্রন বিন্যাস দেখাও: Cr, Se, Br, As, Sc [RUET'15-16]
সমাধান: $Cr(24) = 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^5\ 4s^1$; $Se(34) = 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^{10}\ 4s^2\ 4p^4$
$Br(35) = 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^{10}\ 4s^2\ 4p^5$; $As(33) = 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^{10}\ 4s^2\ 4p^3$
$Sc(21) = 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^1\ 4s^2$

13. নিম্নলিখিত মৌলের ইলেকট্রন বিন্যাস লিখ : Sb, Se, Br, Sc, Po [RUET'10-11]
সমাধান: $Sb(51) = 1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^6 4d^{10} 5s^2 5p^3$
$Se(34) = 1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^4$
$Br(35) = 1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^5$
$Sc(21) = 1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^1 4s^2$
$Po(84) = 1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^6 4d^{10} 5s^2 5p^6 4f^{14} 5d^{10} 6s^2 6p^4$

14. নিচের মৌলগুলির পরমাণুর ইলেকট্রন বিন্যাস দেয়া হল। মৌলগুলির সংকেত লিখ। [RUET'08-09]
(a) $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^6 4d^{10} 5s^2 5p^6 6s^1$
(b) $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^6 5s^2$
(c) $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^1$
(d) $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^6 4d^{10} 5s^2 5p^2$
(e) $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^6 4d^{10} 5s^2 5p^1$
সমাধান: (a) Cs (b) Sr (c) Ga (d) Sn (e) In

15. নিচের মৌলগুলোর পরমাণুর ইলেকট্রন বিন্যাস দেয়া হলো। মৌলগুলোর সংকেত লিখ। [RUET'07-08]
(a) $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2$
(b) $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^6 4d^{10} 5s^2 5p^6$
(c) $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^6 4d^{10} 5s^2 5p^5$
(d) $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^1$
(e) $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^6 4d^{10} 4f^{14} 5s^2 5p^6 5d^{10} 6s^1$
সমাধান: (a) Zn (b) Xe (c) I (d) Cu (e) Au

16. নিম্নলিখিত মৌলগুলোর ইলেকট্রন বিন্যাস লিখ। টাইটেনিয়াম, ক্রোমিয়াম, আর্সেনিক, ব্রোমিন, জিংক। [RUET'06-07]
সমাধান: Ti (22) → $ls^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^2 4s^2$
Cr (24) → $ls^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^5 4s^1$,
As (33) → $ls^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^3$
Br (35) → $ls^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^5$,
Zn (30) → $ls^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2$

17. হুন্ডের নিয়ম লিখ। [BUET'05-06]
সমাধান: একই শক্তিসম্পন্ন বিভিন্ন অরবিটালে ইলেকট্রনগুলো এমনভাবে অবস্থান করবে যেন তারা সর্বাধিক পরিমাণে অযুগ্ম অবস্থায় থাকতে পারে। এই অযুগ্ম ইলেকট্রনগুলোর স্পিন একইমুখী হবে।

18. পাঁচটি নিষ্ক্রিয় গ্যাসের ইলেকট্রন বিন্যাস লিখ। **[RUET'05-06]**

সমাধান:

He (2) $\rightarrow ls^2$

Ne (10) $\rightarrow ls^2 2s^2 2p^6$

Ar (18) $\rightarrow ls^2 2s^2 2p^6 3s^2 3p^6$

Kr (36) $\rightarrow ls^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^6$

Xe (54) $\rightarrow ls^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^6 4d^{10} 5s^2 5p^6$

19. নিম্নবর্ণিত B(5) পরমাণুর বাহিরের ইলেকট্রনের সবচেয়ে স্থিতিশীল অবস্থা কোনটি এবং কেন? **[BUET'04-05]**

(i)  (ii) (iii) 

2s 2p

(iv) (v)

সমাধান: (i) কারণ, এখানে 2s অরবিটাল পূর্ণ আছে এবং পরবর্তীতে ইলেক্ট্রন হুন্ডের নীতি অনুসারে 2p অরবিটালে প্রবেশ করেছে। কিন্তু (ii) ও (v) -এ উত্তেজিত অবস্থা দেখানো হয়েছে।

20. **(b)** নীচের মৌলগুলির পরমাণু ইলেকট্রন বিন্যাস দেয়া হল। মৌলগুলোর সংকেত লিখ। **[RUET'04-05]**

(i) $ls^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^6 5s^1 \rightarrow R$

(ii) $ls^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^6 4d^{10} 5s^1 \rightarrow Ag$

(iii) $ls^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^5 \rightarrow Br$

(iv) $ls^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^6 4d^{10} 5s^2 5p^6 6s^1 \rightarrow Cs$

(v) $ls^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^6 4d^{10} 4f^{14} 5s^2 5p^6 5d^{10} 6s^2 6p^6 7s^1 \rightarrow Fr$

21. নিচের মৌলগুলোর পরমাণুর ইলেকট্রন বিন্যাস দেয়া হল। মৌলগুলোর সংকেত লিখ। **[RUET'03-04]**

(a) $ls^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^5 4s^1$(Cr) (b) $ls^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^1$(Cu)

(c) $ls^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^6 4d^{10} 5s^2 5p^5$(I) (d) $ls^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^5$(Br)

(e) $ls^2 2s^2 2p^6 3s^2 3p^4$(S)

সমাধান: (a) Cr (b) Cu (c) I (d) Br (e) S

22. হুণ্ডের বহুত্ববিধি প্রয়োগ করে নিম্নোক্ত মৌলের পরমাণুতে ইলেকট্রনের বিন্যাস দেখাও **[BUTEX'03-04]**

(ক) N (7) (খ) Al (13) (গ) Fe (26)

সমাধান:

N (7):

1s 2s 2p

Al (13): 

1s 2s 2p 3s 3p

Fe (26): 

1s 2s 2p 3s 3p 3d 4s

23. (a) নিচের কোন অরবিটালের ইলেকট্রন বিন্যাসটি গ্রহণযোগ্য? **[Ans: ii] [BUET'02-03]**

(i)  (ii)

(iii)  (iv)

(b) নিচের কোন ধাতব মৌল তার $4s^1$ ইলেকট্রন ব্যবহার করে যৌগ গঠন করে?

(i) Na (ii) Mg (iii) Ca (iv) K

সমাধান: (iv); $K \rightarrow 1s^2 + 2s^2 2p^6 3s^3 3p^6 \boxed{4s^1}$

$K - e^- \rightarrow K^+$

$Cl + e^- \rightarrow Cl^-$

KCl

24. (i) নিচের বিন্যাসগুলো কি চিহ্নিত করে? **[BUET'01-02]**

(a) $[Ne]3s^2 3p^1$ (b) $[Ar]4s^2$ (c) $[Ne]3s^2\ 3p^6$ (d) $[Ar]3d^{10}4s^2$

Solution: (a) Al (b) Ca (c) Ar (d) Zn

25. (i) p এবং f তে যথাক্রমে কয়টি করে অরবিটাল আছে? **[BUET'01-02]**

$p \rightarrow 3$ orbitals; $f \rightarrow 7$ orbitals

(ii) অনুত্তেজিত অবস্থায় নাইট্রোজেন ও অ্যালুমিনিয়াম পরমাণুদ্বয়ের অরবিটাল ইলেকট্রন চিত্রসমূহ দেখাও।

$N(7) = 1s^2 2s^2 2p_x^1 2p_y^1 2p_z^1$ $Al(13) = 1s^2 2s^2 2p^6 3s^2 3p_x^1 3p_y^0 3p_z^0$

26. (i) ক্রোমিয়ামের ভর সংখ্যা 52 । ক্রোমিয়ামের পরমাণুতে 28 টি নিউট্রন থাকলে এর পারমাণবিক সংখ্যা ও প্রোটন নির্ণয় কর।

(ii) ক্রোমিয়ামের ইলেকট্রন বিন্যাস লিখ। **[BUET'01-02]**

সমাধান:

(i) $n = 28; A = 52$

$n + p = A = 52$

$\therefore p = 52 - 28 = 24$

$\therefore Z = P = 24; e = A = 24$

$\therefore$ পারমাণবিক সংখ্যা $= 24$, ইলেকট্রন সংখ্যা $= 24$

(ii) $Cr(24) = 1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^5 4s^1$

27. নিম্নের মৌলসমূহের যোজ্যতাস্তরের ইলেকট্রনবিন্যাস দেখাও- **[BUTEX'01-02]**

(ক) Cl(17) (খ) Fe (26) (গ) Cr (24) (ঘ) Zn(30) (ঙ) Kr (36) (চ) Ag(47)

সমাধান: যেহেতু কেবল যোজ্যতাস্তরের e^- বিন্যাস চাওয়া হয়েছে

(ক) $Cl(17) \rightarrow 3s^2 3p^5$ (খ) $Fe(26) \rightarrow 4s^2$ (গ) $Cr(24) \rightarrow 4s^1$

(ঘ) $Zn(30) \rightarrow 4s^2$ (ঙ) $Kr(36) \rightarrow 4s^2 4p^6$ (চ) $Ag(47) \rightarrow 5s^1$

Question Type-05: পারমাণবিক ভর ও আপেক্ষিক পারমাণবিক ভর

Concept:

- কার্বন স্কেল অনুসারে, মৌলের আপেক্ষিক পারমাণবিক ভর $= \dfrac{\text{মৌলের 1 টি পরমাণুর ভর}}{\text{'C-12' এর 1 টি পরমাণুর ভর} \times \frac{1}{12}}$
- যদি কোনো মৌলের তিনটি আইসোটোপের আপেক্ষিক প্রাচুর্য যথাক্রমে a%, b% ও c% হয় এবং প্রত্যেক আইসোটোপের একটি পরমাণুর ভর যথাক্রমে M_1 a.m.u., M_2 a.m.u. ও M_3 a.m.u. হয় তবে ঐ মৌলের একটি পরমাণুর গড় ভর $= \frac{aM_1+bM_2+cM_3}{100}$ a.m.u. হবে এবং সেই মৌলের আপেক্ষিক পারমাণবিক ভরও তাই হবে।
- $1\ \text{a.m.u} = 1.6605 \times 10^{-24}\ \text{g}$

Written

01. প্রাকৃতিক অক্সিজেনে ^{16}O, ^{17}O এবং ^{18}O এর পরিমাণ যথাক্রমে 99.76%, 0.037% এবং 0.204% হলে অক্সিজেনের পারমাণবিক ভর নির্ণয় কর। **[RUET'17-18]**

সমাধান: $M = \frac{16\times99.76+17\times0.037+18\times0.204}{100} = 16.00461$ **(Ans.)**

02. প্রকৃতিতে অক্সিজেনের 3 টি আইসোটোপ বিদ্যমান যাদের ভর যথাক্রমে 16, 17 ও 18 পারমাণবিক ভর একক এবং পরিমাণ যথাক্রমে 99.76%, 0.037% ও 0.203%। অক্সিজেনের পারমাণবিক ভর কত? **[CUET'13-14]**

(a) 16.004 (b) 16.000 (c) 15.999 (d) None of these

সমাধান: **(a)**; $M = \frac{16\times99.76+17\times0.037+18\times0.203}{100} = 16.00443$

03. ক্লোরিনের দুটো আইসোটোপ $^{35}_{17}Cl$ এবং $^{37}_{17}Cl$। প্রকৃতিতে প্রাপ্ত ক্লোরিনের আপেক্ষিক পারমানবিক ভর 35.5 এবং আইসোটোপদ্বয়ের আপেক্ষিক ভর যথাক্রমে 35.0 এবং 37.0 হলে এদের শতকরা উপস্থিতি কত? **[RUET'06-07]**

সমাধান: Let, $^{35}_{17}Cl = x\%\ \therefore\ ^{37}_{17}Cl = (100-x)\%$

প্রশ্নমতে, $35.5 = \frac{35\times x+37\times(100-x)}{100}\ \therefore x = 75\%\ \therefore\ ^{37}_{17}Cl = 25\%$

04. একটি মৌলের পরমাণুগুলির নিম্নলিখিত প্রাকৃতিক প্রাচুর্য ও আইসোটোপিক ভর রয়েছে। মৌলটির গড় পারমাণবিক ভর হিসাব কর। **[BUET'02-03]**

Abundance:	90.92%	0.26%	8.82%
Isotopic mass:	19.99 amu	20.99amu	21.99 amu

সমাধান: গড় পারমাণবিক ভর $= \frac{90.92\times19.99+26\times20.99+8.82\times21.99}{100} = 20.169$ amu **(Ans.)**

Question Type-06: কোয়ান্টাম বলবিদ্যা ব্যবহার করে ইলেকট্রনের বিভিন্ন গতীয় রাশি নির্ণয়

➲ **Concept:**

- প্লাঙ্কের কোয়ান্টাম তত্ত্ব:

  একটি ফোটনের শক্তি, $E = hf = h.\frac{c}{\lambda}$

  এখানে, h = প্লাঙ্কের ধ্রুবক $= 6.626\times10^{-34}$Js $= 6.626\times10^{-27}$erg. s

  c = আলোর বেগ, f = বিকিরণের কম্পাঙ্ক, λ = তরঙ্গদৈর্ঘ্য।

  ➢ বোর কক্ষপথে e^- এর কৌণিক ভরবেগ, $mv_nr_n = n.\frac{h}{2\pi}(n = 1, 2, 3, \dots\dots)$

  ➢ বোর কক্ষপথে e^- এর বেগ, $v_n = \frac{\sqrt{z}\,e}{\sqrt{4\pi\epsilon_o mr_n}} = \frac{ze^2}{2nh\epsilon_o}$ [MKS এ]

  ➢ বোর কক্ষপথের ব্যাসার্ধ, $r_n = \frac{n^2h^2\epsilon_o}{z\pi me^2}$ [MKS এ]

  ➢ গতিশক্তি $= E_k = -E_n$; E_p = বিভবশক্তি $= 2E_n = -2E_k$ এবং বোর কক্ষপথের মোট শক্তি $E_n = \frac{-z\,me^4}{8n^2h^2\epsilon_o^2}$ [MKS এ]

- বিকল্প পদ্ধতিতে শক্তি, বেগ ও ব্যাসার্ধ নির্ণয়:

  ➢ n তম কক্ষপথের ইলেকট্রনের শক্তি, $E_n = -\frac{Z^2\times2.18\times10^{-18}}{n^2}$J

  ➢ n তম কক্ষপথের ইলেকট্রনের বেগ, $V_n = \frac{Z\times2.19\times10^6}{n}ms^{-1}$

  ➢ n তম কক্ষপথের ব্যাসার্ধ, $r_n = \frac{n^2\times5.29\times10^{-11}}{Z}$m

  ➢ তরঙ্গ সংখ্যা, $\bar{\nu} = \frac{1}{\lambda} = \frac{\nu}{C}$; ν = কম্পাঙ্ক, c = আলোর বেগ।

  ➢ কক্ষপথে ইলেকট্রনের কৌণিক ভরবেগ, $L = mvr = \frac{nh}{2\pi}$; h = প্লাঙ্কের ধ্রুবক।

  ➢ নিম্ন শক্তিস্তরের শক্তি E_1 এবং উচ্চ শক্তিস্তরের শক্তি E_2 হলে $\Delta E = E_2 - E_1 = h\nu$

- হাইজেনবার্গের অনিশ্চয়তা নীতি:

  ➢ Δx = কণার অবস্থান অনিশ্চয়তা বা অবস্থান জ্ঞাপন ভুলের মাত্রা এবং Δp = কণার ভরবেগ অনিশ্চয়তা বা ভরবেগ পরিমাপের ভুলের মাত্রা হাইজেনবার্গের নীতিকে গাণিতিকভাবে নিম্নরূপে প্রকাশ করা যায়, $\Delta x\times\Delta p \geq \frac{h}{4\pi}$

- ডি-ব্রগলীর সমীকরণ:

  ➢ $\boxed{mc^2 = hf = h.\frac{c}{\lambda} \Rightarrow mc = \frac{h}{\lambda}}$

  ➢ চলমান বস্তুকণার ভরবেগ, $p = mv$ হলে $mv = \frac{h}{\lambda}$ $\therefore$ $\lambda = \frac{h}{mv} = \frac{h}{p}$

  ➢ অর্থাৎ চলমান বস্তুকণার তরঙ্গ ধর্ম $(\lambda) = \frac{\text{ধ্রুবক (h)}}{\text{বস্তুর কণা ধর্ম (mv)}}$ [$\because$ $\lambda \propto \frac{1}{p}$ অর্থাৎ, তরঙ্গ ধর্ম $\propto \frac{1}{\text{কণা ধর্ম}}$] এটিই ডি-ব্রগলীর সমীকরণ নামে পরিচিত।

MCQ

01. Which is not a limitation of Bohr's atom model? **[IUT'19-20]**

(a) Multiple lines in atomic spectrum
(b) Zeeman effect
(c) H-Spectrum
(d) Angular momentum

Solution: (c); It can explain the H-spectrum, but this model cannot give a proper reason for angular momentum, $mvr = \frac{\sqrt{l(l+1)}h}{2\pi}$

02. হাইড্রোজেন পরমাণুর তৃতীয় এবং দ্বিতীয় শক্তিস্তরের ইলেকট্রনের শক্তি যথাক্রমে 5.54×10^{-10}erg এবং 2.44×10^{-11}erg। তৃতীয় শক্তিস্তর থেকে দ্বিতীয় শক্তিস্তরে ইলেকট্রনটি পতিত হলে যে রশ্মি বিকিরত হয় তার কম্পাঙ্ক (হার্জ) কত হবে? **[KUET'16-17]**

(a) 8.73×10^{23}
(b) 7.99×10^{23}
(c) 7.99×10^{18}
(d) 8.73×10^{16}
(e) 7.99×10^{16}

সমাধান: **(e);** $\Delta E = 5.54 \times 10^{-10}$ erg $- 2.44 \times 10^{-11}$ erg $= 5.296 \times 10^{-10}$ erg $= 5.296 \times 10^{-17}$ J

[$1J = 10^7$ erg]

$\therefore E = h\nu \Rightarrow \nu = \frac{E}{h} = \frac{5.296 \times 10^{-17}}{h} = 7.99 \times 10^{16}$ Hz

03. লাল রশ্মির তরঙ্গদৈর্ঘ্য 700 nm হলে এর তরঙ্গ সংখ্যা নির্ণয় কর। [আলোর গতি $= 3.0 \times 10^8$ ms^{-1}] **[RUET'13-14]**

(a) 2.439×10^4 cm^{-1}
(b) 4.95×10^4 cm^{-1}
(c) 24.39×10^4 cm^{-1}
(d) 49.50×10^4 cm^{-1}
(e) None

সমাধান: **(e);** তরঙ্গ সংখ্যা, $\bar{\nu} = \frac{1}{\lambda} = \frac{1}{700 \times 10^{-9}} = 142.86 \times 10^4$ m^{-1} $= 1.43 \times 10^4$ cm^{-1}.

Written

04. ψ^2 এর ভৌত তাৎপর্য লিখ। **[RUET'07-08]**

সমাধান: ψ^2 এর তাৎপর্যঃ ψ^2 এর মান দ্বারা কোন স্থানে ইলেকট্রন পাওয়ার সম্ভাবনাকে বোঝায়। কেননা, যে স্থানে ইলেকট্রনের তরঙ্গের বিস্তার বা তীব্রতা বেশি হবে, সেখানে তার মেঘের ঘনত্বও বেশি হবে। উল্লেখ্য, তীব্রতা বিস্তারের বর্গের সমানুপাতিক। অর্থাৎ সে স্থানে ইলেকট্রনটি আনুপাতিকভাবে বেশি অবস্থান করবে। আবার সমগ্র স্থানে একটি ইলেকট্রনকে পাওয়ার সম্ভাবনার সমষ্টি 1 হবে। সুতরাং প্রমাণিত হয় যে, $\int_{-\infty}^{\infty} \psi^2 dv = 1$. এক্ষেত্রে ইলেকট্রনের শক্তি E এর নির্দিষ্ট মানের জন্য এক একটি তরঙ্গ বিস্তারের (ψ এর) ফাংশন পাওয়া যায়। এরূপ ইলেকট্রনের তরঙ্গ ফাংশনগুলোকে অরবিটাল (orbital) বলা হয়। প্রকৃতপক্ষে অরবিটালসমূহ পরমাণুতে ইলেকট্রনের বিভিন্ন শক্তিস্তর নির্দেশ করে।

05. একটি ইলেকট্রিক বাল্ব হলুদ রংয়ের আলো (বিকিরণ) ছড়ায় যার তরঙ্গদৈর্ঘ্য 589 nm, নিক্ষেপিত ফোটনের শক্তি কত জুল? [দেওয়া আছে, $h = 6.624 \times 10^{-34}$] **[BUET'06-07]**

সমাধান: তরঙ্গদৈর্ঘ্য, $\lambda = 589 \times 10^{-9}$ m; শক্তি, $E = \frac{hc}{\lambda} = 3.373 \times 10^{-19}$ J

06. যদি 1 a.m.u সম্পূর্ণরূপে শক্তিতে রূপান্তরিত করা হয় তাহলে কী পরিমাণ শক্তি মুক্ত হবে তাহা ক্যালরীতে নির্ণয় কর। **[KUET'05-06]**

সমাধান: $E = mc^2 = 1.67 \times 10^{-27} \times (3 \times 10^8)^2 = 1.503 \times 10^{-10}$ J $= 3.5786 \times 10^{-11}$ cal **(Ans.)**

Question Type-07: বর্ণালি ও রিডবার্গ সমীকরণ

➲ **Concept:**

$\bar{\nu} = \frac{1}{\lambda} = R_H\left(\frac{1}{n_L^2} - \frac{1}{n_H^2}\right)Z^2$

এখানে, $\bar{\nu}$ = প্রতি একক দৈর্ঘ্যে তরঙ্গ সংখ্যা; λ = বর্ণালীর তরঙ্গদৈর্ঘ্য; R_H = হাইড্রোজেন পরমাণুর জন্য রিডবার্গ ধ্রুবক; $R_H = 109678 cm^{-1}$; Z = মৌলের পারমাণবিক সংখ্যা; n_L = নিম্ন শক্তিস্তর; n_H = উচ্চ শক্তিস্তর।

সিরিজের নাম	n_L	n_H	পরীক্ষিত বিকিরণ অঞ্চল
Lymen Series	1	2, 3, 4, ...	অতিবেগুনী অঞ্চল
Balmer Series	2	3, 4, 5, ...	দৃশ্যমান অঞ্চল
Paschen Series	3	4, 5, 6, ...	অবলোহিত অঞ্চল
Brackett Series	4	5, 6, 7, ...	অবলোহিত অঞ্চল
Pfund Series	5	6, 7, 8, ...	অবলোহিত অঞ্চল

- সর্বোচ্চ শক্তি বা সর্বোচ্চ কম্পাঙ্ক বা সর্বোচ্চ তরঙ্গসংখ্যা বা সর্বনিম্ন তরঙ্গদৈর্ঘ্যের জন্য, $n_H = \infty$
- সর্বনিম্ন শক্তি বা সর্বনিম্ন কম্পাঙ্ক বা সর্বনিম্ন তরঙ্গসংখ্যা বা সর্বোচ্চ তরঙ্গদৈর্ঘ্যের জন্য, $n_H = n_L + 1$
- কোনো সিরিজের n তম লাইনের জন্য, $n_H = n_L + n$ তম লাইন

◆ বিভিন্ন প্রকার বিকিরণের তরঙ্গদৈর্ঘ্যের সীমাঃ

Chart-01	Chart-02
বিভিন্ন ধরনের তড়িৎ চৌম্বকীয় বিকিরণের তরঙ্গদৈর্ঘ্য	দৃশ্যমান আলোর মধ্যে বিভিন্ন ধরনের আলোর তরঙ্গদৈর্ঘ্য নিম্নরূপ
মহাজাগতিক রশ্মি : < 0.0005 Å	বেগুনি: 380 – 424 nm
গামা রশ্মি (γ-ray) : < 0.005 - 1.5 Å	নীল: 425 – 450 nm
রঞ্জন রশ্মি (X-ray) : < 0.1 - 100 Å	আসমানী: 451 – 500 nm
অতি বেগুনি রশ্মি (UV) : < 3800 Å	সবুজ: 501 – 575 nm
দৃশ্যমান আলো (Visible) : 3800 Å - 7800 Å	হলুদ: 576 – 590 nm
অবলোহিত (IR) > 7800 Å	কমলা: 591 – 647 nm
রেডিও ও টেলিভিশনের তরঙ্গদৈর্ঘ্য: $> 2.2 \times 10^6$ Å	লাল: 648 – 780 nm

MCQ

01. The basis of MRI experiment to detect tumors, strokes, and bleeds **[Ans: d][IUT'21-22]**
(i) Proton (H^+) resonance occurs due to absorption of radiofrequency.
(ii) Affected cell contains more proton which produce more proton (H^+) resonance signal.
(iii) Mutual interaction occurs between protons and electrons due to application of radiofrequency.
Which of the following is more appropriate?
(a) (i) and (ii) (b) (ii) and (iii) (c) (i) and (iii) (d) (i), (ii) and (iii)

02. Which of the following lights has the highest wavelength range? **[Ans: d] [IUT'16-17]**
(a) Indigo (b) Green (c) Blue (d) Orange

03. হাইড্রোজেন পরমাণুর ইলেকট্রন যখন 8র্থ শক্তিস্তর থেকে নিম্ন শক্তিস্তরে স্থানান্তরিত হয়ে বামার সিরিজ সৃষ্টি করে, তখন সৃষ্ট বর্ণালি রেখার তরঙ্গদৈর্ঘ্য কত? [ধর, রিডবার্গ ধ্রুবক = $109678\ cm^{-1}$] **[CUET'15-16]**
(a) 4.86×10^{-5} cm (b) 18.75×10^{-5} cm (c) 9.72×10^{-6} cm (d) 6.56×10^{-5} cm
সমাধান: (a); $\frac{1}{\lambda} = R_H\left(\frac{1}{n_L^2} - \frac{1}{n_H^2}\right)$
বামার সিরিজের ক্ষেত্রে, $n_1 = 2; \frac{1}{\lambda} = 109678\left(\frac{1}{2^2} - \frac{1}{4^2}\right) cm^{-1} \therefore \lambda = 4.86 \times 10^{-5}$ cm

